# জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫
ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নম্বর-৫৫.১২.০০০০.১০৪.১১.০০১.২৩-১৮২১ তারিখঃ ০৭/০৫/২০২৩খ্রিঃ

## নিয়োগ বিজ্ঞপ্তি

জাতীয় মানবাধিকার কমিশনের রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত ৯টি ক্যাটাগরির মোট ১৭টি শূন্য পদে জনবল নিয়োগের নিমিত্ত বিজ্ঞপ্তিতে বর্ণিত নিয়মাবলী ও শর্ত সাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হতে অনলাইনে (http://nhrc.teletalk.com.bd ওয়েবসাইটে) আবেদনপত্র আহবান করা যাচ্ছে। অনলাইন ব্যতীত কোন আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র: নং | পদের নাম এবং জাতীয় বেতন স্কেল-২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১ | সহকারী পরিচালক (প্রশাসন ও অর্থ) বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যবসা প্রশাসন বা বাণিজ্য বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (গ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ২ | সহকারী পরিচালক (অভিযোগ ও তদন্ত) বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | ০৩ (তিন)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ,শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (গ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৩ | সহকারী পরিচালক (সমাজসেবা এবং কাউন্সেলিং) বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সামাজিক বিজ্ঞান বা মনোবিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৪ | সহকারী পরিচালক (প্রশিক্ষণ) বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বা সমাজ বিজ্ঞান বা সমাজকল্যাণ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ০৪ (চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (গ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৫ | সহকারী পরিচালক (তথ্য প্রযুক্তি) বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে কম্পিউটার বিজ্ঞান, তড়িৎ প্রকৌশল, পদার্থ বিজ্ঞান, গণিত বা পরিসংখ্যান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) সফটওয়্যার এবং হার্ডওয়্যার বিষয়ে দক্ষতা; এবং (গ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়। |
| ৬ | সহকারী পরিচালক (গবেষণা) বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০) (গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (গ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |



CamScanner

| | | | |
|---|---|---|---|
| ৭ | সহকারী পরিচালক (আইন)<br>বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০)<br>(গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে আইন বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (গ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৮ | সহকারী পরিচালক<br>বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০)<br>(গ্রেড-৯) | ০৭ (সাত)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদি স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (গ) কম্পিউটারে পরিচালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |
| ৯ | জনসংযোগ কর্মকর্তা<br>বেতনস্কেল (২২,০০০-৫৩,০৬০)<br>(গ্রেড-৯) | ০১ (এক)টি | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে গণযোগাযোগ ও সাংবাদিকতা, আন্তর্জাতিক সম্পর্ক বা মিডিয়া স্টাডিজ বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক (সম্মান) ডিগ্রি অথবা অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; (খ) শিক্ষা জীবনে একের অধিক তৃতীয় বিভাগ, শ্রেণি বা সমমানের সিজিপিএ গ্রহণযোগ্য নয়; এবং (খ) কম্পিউটার চালনায় প্রশিক্ষণপ্রাপ্ত। |

০১। আবেদনকারীর বয়স ৩০/০৪/২০২৩খ্রি: তারিখে সর্বনিম্ন ১৮ (আঠার) বছর এবং সর্বোচ্চ ৩০ (ত্রিশ) বছর হতে হবে। তবে, শুধুমাত্র বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র/কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য।

০২। জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি-১ শাখার গত ২২ সেপ্টেম্বর ২০২২ তারিখের ০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ নং স্মারক অনুযায়ী আবেদনকারীর বয়স ২৫-০৩-২০২০ তারিখে স্ব-স্ব পদের বিপরীতে উল্লিখিত সর্বোচ্চ বয়সসীমার মধ্যে থাকলে উক্ত প্রার্থীগণ আবেদন করার সুযোগ পাবেন। বয়স প্রমাণের ক্ষেত্রে এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

০৩। সরকারি/আধাসরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকরিতে নিয়োজিত প্রার্থীগণ যথাযথ কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে আবেদন করবেন এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করবেন। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

০৪। প্রার্থীর যোগ্যতা যাচাই: মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত (ক্রমিক নং ক হতে জ পর্যন্ত) কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১ (এক)টি করে সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।

ক. প্রার্থীর সকল শিক্ষাগত যোগ্যতার সনদ (প্রযোজ্য ক্ষেত্রে অভিজ্ঞতা সনদসহ)।

খ. প্রার্থী যে সিটি কর্পোরেশন/ইউনিয়ন/পৌরসভা/ওয়ার্ড-এর স্থায়ী বাসিন্দা সে ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌর মেয়র/ কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্বের সনদ।

গ. প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ।

ঘ. জাতীয় পরিচয়পত্র (NID) /জন্ম সনদের সত্যায়িত ফটোকপি

ঙ. অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের কপি (Applicants Copy) ও (Admit Card)।

চ. আবেদনকারী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা কিংবা মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার পুত্র কন্যা হলে মুক্তিযোদ্ধার সনদ এবং আবেদনকারীর সাথে সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/ সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত প্রত্যয়ণপত্র।

ছ. আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার বিষয়টি আবেদনে উল্লেখ করতে হবে।

জ. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোন তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে সংশ্লিষ্ট প্রার্থীর প্রার্থীতা বাতিল করা হবে এবং তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। ভুল তথ্য/ জাল কাগজপত্র প্রদর্শিত হলে পরীক্ষায় উত্তীর্ণ যে কোনো প্রার্থীর প্রার্থীতা বাতিল বলে গন্য হবে।

০৫। সকল পদের জন্য কর্তৃপক্ষ কর্তৃক নির্ধারিত MCQ,লিখিত এবং মৌখিক পরীক্ষা গ্রহণ করা হবে।

০৬। যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোন ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগ দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকরি হতে বরখাস্ত হয়ে থাকেন, তাহলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।



CamScanner

০৭। MCQ,লিখিত পরীক্ষার তারিখ ও সময় সূচী SMS এর মাধ্যমে জানানো হবে। এছাড়া জাতীয় মানবাধিকার কমিশনের নোটিশবোর্ড এবং ওয়েবসাইটে www.nhrc.org.bd নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচী জাতীয় মানবাধিকার কমিশন, ঢাকা-এর নোটিশ বোর্ডে ও ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০৮। MCQ,লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

০৯। বিজ্ঞপ্তিটি জাতীয় মানবাধিকার কমিশনের নোটিশবোর্ডে ও ওয়েবসাইটে (www.nhrc.org.bd) এবং টেলিটকের ওয়েবসাইটে (https://alljobs.teletalk.com.bd) পাওয়া যাবে।

১০। অসম্পূর্ণ ও ত্রুটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১১। বিজ্ঞপ্তিতে উল্লিখিত শূণ্য পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি হতে পারে।

১২। সরকার কর্তৃক সময় সময় জারীকৃত স্বাস্থ্যবিধি যথাযথভাবে অনুসরণ করে পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

১৩। নিয়োগ সংক্রান্ত পরীক্ষার যে কোনো বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১৪। একই দিনে পরীক্ষা গ্রহণের ক্ষেত্রে প্রার্থীর অগ্রাধিকার অনুযায়ী পছন্দের পদ নির্ধারণ করে আবেদন করা সমীচীন।

১৫। অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলী ও করণীয়:

ক) পরীক্ষায় অংশগ্রহণে আগ্রহী প্রার্থীগণ-কে http://nhrc.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে হবে।

আবেদনের সময়সীমা:

১. অনলাইনে আবেদনপত্র পূরণ পরীক্ষা ফি জমাদান শুরুর তারিখ ও সময় ১০/০৫/২০২৩ খ্রি: সকাল ১০:০০ টায়।

২. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ৩০/০৫/২০২৩ খ্রি: বিকাল ৫:০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে বর্ণিত ওয়েবসাইটে User ID প্রাপ্ত প্রার্থীগণ অনলাইনে আবেদনপত্র submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস (SMS) এ পরীক্ষার ফি জমা দিতে হবে।

খ) অনলাইন আবেদনপত্রে প্রার্থীকে তাঁর রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০X প্রস্থ ৩০০) pixel স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০X প্রস্থ ৩০০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থলে Upload করতে হবে। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে।

গ) অনলাইনে আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু অনলাইনে আবেদনপত্র submit করার পূর্বেই সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

ঘ) প্রার্থী অনলাইনে পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্টকপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঙ) <u>SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান:</u> অনলাইনে আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর Upload করে আবেদপত্র submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র submit করা সম্পন্ন করা প্রার্থী User ID ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Applicant' s copy পাবেন। যদি Applicant' s copy তে কোন তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পন্ন কালো/সম্পন্ন সাদা ঘোলা) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পূনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোন পরিবর্তন/পরিমার্জন/পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant' s copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি পিডিএফ কপি ডাউনলোড পূর্বক নিশ্চিত করে রঙিন প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant' s copy তে একটি User ID number দেওয়া থাকবে এবং User ID number ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন Teletalk Pre-Paid Mobile Number এর মাধ্যমে ০২ (দুই)টি SMS করে বর্ণিত পদের ক্ষেত্রে আবেদন ফি বাবদ=৬০০ (ছয়শত) টাকা এবং Teletalk এর সার্ভিস চার্জ বাবদ=৬৭ (সাতষট্টি) টাকাসহ (অফেরতযোগ্য) মোট=৬৬৭ (ছয়শত সাতষট্টি) টাকা। পরীক্ষার ফি অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। বিশেষভাবে উল্লেখ্য অনলাইনে আবেদনপত্রের সকল অংশ পূরণ করে submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেওয়া পর্যন্ত অনলাইনে আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না।

**<u>SMS এর নিয়মাবলী:</u>**

<u>প্রথম SMS:</u> NHRC <space> User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে।
Example: NHRC ABCDEF
Reply: Applicant' s Name. TK-667 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type NHRC <space>Yes<Space> PIN and send to 16222



CamScanner

**দ্বিতীয় SMS:** NHRC<space>Yes<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে।
Example: NHRC Yes 12345678
Reply: Congratulation Applicant's Name, payment completed successfully for NHRC Applicantion for (post name) User ID is (ABCDEF) and Password (xxxxxxx).

চ) দ্বিতীয় SMS টি পাঠানোর পর ফিরতি এসএমএস-এ Password পাবেন। SMS এর মাধ্যমে প্রাপ্ত User ID এবং Password টি ভবিষ্যৎ প্রয়োজনের নিমিত্ত সংরক্ষণ করতে হবে।
ছ) SMS এর প্রাপ্ত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময়/কেন্দ্রের নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন প্রিন্ট করে নিবেন। প্রার্থী প্রবেশপত্রটি পরবর্তীতে সকল পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
জ) শুধুমাত্র টেলিটক প্রি-প্রেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং Password পুনরুদ্ধার করতে পারবেন (প্রযোজ্য ক্ষেত্রে)।

১) **User ID জানা থাকলে:**
NHRC<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example: NHRC HELP USER ABCDEF

২) **PIN Number জানা থাকলে:**
NHRC<space>Help<space>PIN<space>PIN No & Send to 16222.

৩) Example: NHRC HELP PIN 12345678

ঝ) অনলাইনে আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে করবেন। এ ক্ষেত্রে অন্য কোন মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
ঞ) পত্রিকা ছাড়াও জাতীয় মানবাধিকার কমিশনের ওয়েবসাইট www.nhrc.org.bd নোটিশ বোর্ডে বিজ্ঞপ্তিসহ এতদসংক্রান্ত সকল তথ্য দেখা যাবে। অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd/nhrc ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তি পাওয়া যাবে। নিয়োগ পরীক্ষার তারিখ, সময় ও অন্যান্য তথ্য www.nhrc.org.bd ওয়েবসাইট এবং নোটিশ বোর্ড হতে জানা যাবে।
ট) অনলাইনে আবেদন করতে কোন সমস্যা হলে টেলিটক নম্বর থেকে ১২১ অথবা এ ই-মেইলে যোগাযোগ করা যাবে। এছাড়া টেলিটকের জবপোর্টাল এর ফেইসবুক পেজ https://www.facebook.com/alljobsbdTeletalk এ মেসেজ এর মাধ্যমেও যোগাযোগ করা যাবে। (Mail এর Subject-এ Organization Name: NHRC, Post Name****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।
ঠ) ডিক্লারেশন: প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক ও সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোনো প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে, পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থীতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা যাবে।

১৭। শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে হাতে যথেষ্ট সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া যাচ্ছে।

নারায়ণ চন্দ্র সরকার
সচিব (যুগ্মসচিব)
ও সদস্য সচিব
প্রথম শ্রেণির কর্মচারী নিয়োগ/বাছাই কমিটি



CamScanner